

# এইচএসসির খাতা পুনঃনিরীক্ষণের ফল আজ

■ নিজস্ব প্রতিবেদক

১৮ আগস্ট ২০১৮, ০১:১৫ | [প্রিন্ট সংস্করণ](#)

সব শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের পরীক্ষার খাতা পুনঃনিরীক্ষণের ফল আজ শনিবার প্রকাশ করা হবে। ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি অধ্যাপক জিয়াউল হক এ তথ্য জানিয়েছেন।

জিয়াউল হক জানান, আবেদনকারীদের কাছে এসএমএসের মাধ্যমে ফল পৌঁছে যাবে। আবার শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকেও ফল জানা যাবে।

গত ১৯ জুলাই এবারের এইচএসসির ফল প্রকাশ করা হয়। এরপর গত ২০ জুলাই থেকে ২৬ জুলাই পর্যন্ত খাতা পুনঃনিরীক্ষণের আবেদন গ্রহণ করে শিক্ষা বোর্ডগুলো। এবার সোয়া লাখ শিক্ষার্থী খাতা পুনঃনিরীক্ষণের আবেদন করে। গত ২ এপ্রিল থেকে ১৫ মে পর্যন্ত সারাদেশে এইচএসসির তত্ত্বীয় এবং ১৬ থেকে ২৫ মে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।